16

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 DEC 1998 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

## ঢাবি শিক্ষক কর্তৃক ছাত্রী লাঞ্ছিত ॥ তদন্ত কমিটিকে তথ্য জানানোর অনুরোধ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের জনৈক শিক্ষক এবং লোক প্রশাসন বিভাগের জনৈকা ছাত্রীকে নিয়ে যে অশালীন ঘটনার অভিযোগ পাওয়া গেছে সে সম্পর্কে কারও কাছে কোন তথ্য থাকলে তদন্ত কমিটিকে অবহিত করার অনুরোধ জানানো হয়েছে। কর্তৃপক্ষ এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছে, আগামী ১৫ ডিসেম্বর বিকাল সাড়ে চারটা থেকে সাড়ে পাঁচটার মধ্যে উপাচার্যের অফিস, সংলগ্ন লাউঞ্জে লিখিত বা মৌখিকভাবে তথ্য পেশ করতে হবে। তথ্য সরবরাহকারীর পরিচয় গোপন রাখা হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

## ঢাকা ভার্সিটিকে জার্মানির বৈজ্ঞানিক যন্ত্রপাতি প্রদান

বাংলাদেশে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ইউ ক্র্যাস বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে প্রায় ৪০ লাখ টাকা মূল্যের প্রচুর পরিমাণ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর নিকট হস্তান্তর করেন। —প্রেস বিজ্ঞপ্তি